

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ১৮, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ বৈশাখ ১৪৩৩/১২ মে ২০২৬

নং ০৩.৪১.২৬৯০.০৭০.০৬.০১.২০২৬-৫৬—বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা ও সমন্বিত সেবা নিশ্চিতকল্পে সরকার নিম্নরূপভাবে “প্রতিবন্ধী অধিকার ও সেবা সুরক্ষা বিষয়ক স্টিয়ারিং কমিটি” গঠন করেছে :

১.১। কমিটির গঠন :

(১)	প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	:	সভাপতি
(২)	প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	:	বিকল্প সভাপতি
(৩)	প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়	:	সদস্য
(৪)	প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	:	সদস্য
(৫)	প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	:	সদস্য
(৬)	প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	:	সদস্য
(৭)	প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য
(৮)	প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	:	সদস্য
(৯)	প্রতিমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	:	সদস্য
(১০)	প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	:	সদস্য
(১১)	সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	:	সদস্য
(১২)	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	:	সদস্য-সচিব

(১৭৯২৫)

মূল্য : টাকা ৪.০০

- ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন;
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;
- যে সকল মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী নেই সে সকল মন্ত্রণালয়ের সচিব এই কমিটির সদস্য হিসেবে গণ্য হবে।

#### ১.২। কমিটির কার্যপরিধি :

- প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সেবা প্রাপ্তির সুরক্ষা নিশ্চিত করতে কৌশলগত নেতৃত্ব ও নীতিগত দিকনির্দেশনা প্রদান;
- প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা ও সেবা নিশ্চিতকরণে জাতীয় পরিকল্পনা গ্রহণ, পর্যায়ক্রমিক সম্প্রসারণ এবং বাস্তবায়ন কৌশল নির্ধারণ ও অনুমোদন প্রদান;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের মধ্যে সমন্বয় নিশ্চিতকরণ এবং গৃহীত কর্মসূচিকে জাতীয় উন্নয়ন অগ্রাধিকার, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি), ও জাতিসংঘ প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সনদের (ইউএনসিআরপিডি) সাথে সামঞ্জস্যপূর্ণকরণ;
- উচ্চ-পর্যায়ের নীতিগত, আইনগত ও প্রশাসনিক বাধা চিহ্নিত করে তা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
- নির্ধারিত বিরতিতে কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- প্রয়োজনে স্বাধীন মূল্যায়ন বা বিশেষজ্ঞ সমীক্ষা পরিচালনার নির্দেশ প্রদান;
- কমিটির সভা প্রতি ৩ মাসে ন্যূনতম একবার অনুষ্ঠিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাবিবুল হাসান  
পরিচালক-৩ (প্রতিকল্প)।